

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট  
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মিজানুল হক চৌধুরী, (অতিরিক্ত সচিব), মহাপরিচালক  
তারিখ : ০৫ ডিসেম্বর, ২০২৩ খ্রি.  
সময় : সকাল ৯.১৫টা  
স্থান : সভাকক্ষ, সিপিআইআইউএম, শিক্ষা ভবন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) ও বিকল্প ফোকাল পয়েন্ট আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভায় ইউনিটের অংশীজনের মতামত পাওয়া যায়। জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) ও বিকল্প ফোকাল পয়েন্ট জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১.৫ কার্যক্রম অনুযায়ী কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণের নির্দেশনা রয়েছে। ইউনিটের ৫০৭ নম্বর কক্ষ সংলগ্ন ওয়াশরুম ও ৫০৪ নম্বর কক্ষে মহিলাদের ওয়াশরুম দুটি দীর্ঘদিন যাবৎ ব্যবহারের অনুপযোগী অবস্থায় আছে। দুটি ওয়াশরুমের ছাদ টুইয়ে পানি পড়ে। ফলে সিলিং ও দেয়ালের ডাম্প ধরে প্লাস্টার খসে পড়েছে। এছাড়া ৫০৭ নম্বর কক্ষ সংলগ্ন ওয়াশরুমের কমোডের ফ্লাশ নষ্ট হয়ে গেছে। ইউনিটের কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধি অনুসরণে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য উক্ত ওয়াশরুমসমূহের আশু মেরামতের প্রয়োজন বলে মত প্রকাশ করেন।

তিনি আরো জানান যে, ইউনিটের দুটি ওয়াশরুম মেরামতের জন্য ইউনিটের গত ০৫ মার্চ ২০২৩ তারিখের ৩৮.২০৫.০৯৯.০১.০০.০৩৭.২০২১.২১৮ নম্বর স্মারকে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর মহোদয়ের দপ্তরের পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি।

৪। জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিতের কর্মপরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে ৪র্থ শ্রেণির কর্মচারীদের শীতকালীন ও গ্রীষ্মকালীন দাপ্তরিক পোষাক সরবরাহ করা হয়েছে। বর্ণিত অবস্থায়, প্রশাসনিক শৃঙ্খলা রক্ষার্থে ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক পরিধান করে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হয়।

৫। সভাপতি মহোদয় ইউনিটের কর্ম-পরিবেশ উন্নয়নের স্বার্থে ওয়াশরুমসমূহের দ্রুত মেরামত নিশ্চিত করার লক্ষ্যে প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর মহোদয়ের দপ্তরে পুনরায় পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন এবং মেরামত কার্যাদি নিশ্চিতের জন্য প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর-এর দপ্তরের সংশ্লিষ্ট শাখার সঙ্গে নিবিড়ভাবে যোগাযোগ রক্ষা করার জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ) কে অনুরোধ জানান।

এ ছাড়া তিনি তথ্য অধিকার আইনের অধীনে আইনের বিধানাবলী যাচাই সাপেক্ষে অংশীজন/ব্যক্তি/নাগরিকদের প্রাপ্ত তথ্য যথাসময়ে সরবরাহ করে ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। একইসঙ্গে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানান। এছাড়া কর্মকর্তা-

কর্মচারীদের ব্যক্তিগত ও চাকরি জীবনে নৈতিকতা, শিষ্টাচার, পরমতসহিষ্ণুতা বজায় রেখে ও অন্যের মতামতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে দাপ্তরিক কার্যাদি বিধিমতে দ্রুত সম্পন্ন করার জন্য ইউনিটের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনুরোধ করা হয়।

৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আন্তরিকতার সঙ্গে কাজ করার জন্য সকলকে আহ্বান ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুল হক চৌধুরী

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৯

ই-মেইল: [cpeimu2011@gmail.com](mailto:cpeimu2011@gmail.com)


স্মারক নং-৩৮.২০৫.০০১.০০.০০.০০৮.২০১৩. ০২৪

তারিখ:

১৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক (প্রশাসন)/(সকল), ..... বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৫। সহকারী পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৬। আইন কর্মকর্তা, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৭। হিসাবরক্ষণ অফিসার, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৮। জনাব/বেগম ....., বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট,  
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অফিস কপি।



মোঃ কামাল হোসেন

পরিচালক, প্রশাসন ও অর্থ

(অতিরিক্ত দায়িত্ব)

ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১

ই-মেইল: [cpeimu2011@gmail.com](mailto:cpeimu2011@gmail.com)